দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL. 26 1999
পৃঃ ৩ কলাম ৭

# সেনা কল্যাণ সংস্থার মাধ্যমিক পর্যায়ের বৃত্তি মঞ্জুরি

আইএসপিআর ঃ সেনা কল্যাণ সংস্থা ১৯৯৮ শিক্ষাবর্ষে সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত/শহীদ/মৃত সদস্যদের ১১৪৭২ জন ছেলেমেয়েকে মাধ্যমিক পর্যায়ে মোট ৮৩,২০,০৮০.০০ (তিরাশি লাখ কুড়ি হাজার আশি) টাকা বৃত্তি মঞ্জুরি করেছে। বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের তালিকা সেনা, নৌ ও বিমানবাহিনীর সদর দপ্তরসমূহে, বাংলাদেশ সশস্ত্র বাহিনীর বোর্ড ও সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ডের কার্যালয়ে পাঠানো হয়েছে। বৃত্তির টাকা সেনা কল্যাণ সংস্থার নিজস্ব ব্যবস্থাপনায় স্টাইপেন্ড ওয়ারেন্টের মাধ্যমে বৃত্তিধারীদের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নামে পাঠানো হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের বৃত্তির টাকা প্রদান করবেন।

বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের বৃত্তি নবায়নের জন্য পরবর্তী শ্রেণীতে উত্তীর্ণের নম্বরপত্র/উত্তীর্ণপত্র তাদের শিক্ষায়তনের প্রধানের সীল ও স্বাক্ষরসহ (ফটোকপি অবশ্যই সত্যায়িত হতে হবে) সেনা কল্যাণ সংস্থার কল্যাণ পরিদপ্তরে পাঠাতে হবে। উক্ত নম্বরপত্র/উত্তীর্ণপত্রে বৃত্তিধারীর বৃত্তির নম্বর, নাম, পিতার নাম ও তার সংশ্লিষ্ট বাহিনীর প্রাক্তন নম্বর ও পদবী অবশ্যই উল্লেখ করতে হবে।